

প্রশ্নোত্তরে রাস্তাল্লাহ (সা) এর জীবনী (পর্ব-২)

মহানবী (সা-এর শৈশব ও যৌবন

প্রশ্ন: বাল্যকালে মুহাম্মদ (সা) কী করতেন ?

উত্তর: বাল্যকালে তিনি অধিকাংশ সময় ভেড়া চড়াতেন।

প্রশ্ন: তিনি কি কখনও তাঁর বয়সী কোন ছেলে-মেয়েদের সাথে কোন বিনোদনমূলক কর্মকাণ্ডে অংশ নিয়েছেন ?

উত্তর : তিনি দুষ্টামিপূর্ণ কোন কিছুই কখনই করেন নি এবং তাঁর বয়সী ছেলে-মেয়েরা যেসব খেলাধূলা করত তাতেও তিনি অংশ নিতেন না।

প্রশ্ন: আবুল মুতালিবের ইস্তিকালের পর কে মুহাম্মদ (সা)-এর দেখাশুনা করেন ?

উত্তর : তাঁর চাচা আবু তালিব

প্রশ্ন: কখন ও কার সাথে মুহাম্মদ (সা) সিরিয়া ভ্রমণ করেন ?

উত্তর: যখন তাঁর বয়স বার বছর তখন তিনি তাঁর চাচা আবু তালিবের সঙ্গে সিরিয়া ভ্রমণ করেন।

প্রশ্ন: সফর কালে কোন বিশেষ ঘটনা ঘটেছিলো ?

উত্তর : কাফেলা যখন বুসরা নামক জায়গায় পৌছলো তখন বুহাইরা নামক এক সন্ন্যাসী তাদেরকে গাছের নিচে আশ্রয় নিতে দেখল। এরপর বুহাইরা আবু তালিবকে বলল তোমার ভাতিজা সকল মানবজাতির নেতা হবে। তাঁকে আল্লাহ এমন এক ঐশ্বী বাণী দান করবেন, যা সমগ্র মানবজাতির জন্য হবে পথ ও পাথেয়। বুহাইরা আবু তালিবকে আরো বললেন যে, আপনি মুহাম্মদের ভালোভাবে দেখাশুনা করবেন কারণ ইহুদিরা তার ক্ষতি করতে পারে। এজন্য আবু তালিব তাঁকে মক্কায় পাঠিয়ে দেন।

প্রশ্ন: দ্বিতীয়বার কখন মুহাম্মদ (সা) সিরিয়া সফর করেন এবং কেন ?

উত্তর : যখন তার বয়স ২৫ বছর তখন তিনি খাদিজা (রা)-এর ব্যবসায়িক কাজে দ্বিতীয়বার মতো সিরিয়া যান।

প্রশ্ন: খাদিজা (রা)-কে ছিলেন ?

উত্তর : খাদিজাবিনতে খুওয়াইলিদ ছিলেন আরবের একজন স্বনামধন্য ব্যবসায়ী।

প্রশ্ন: বিয়ের জন্য খাদিজা (রা) কেন মুহাম্মদ (সা)-কে বেশী পছন্দ করলেন ?

উত্তর: মুহাম্মদ (সা)-এর সত্যবাদিতা এবং সদ্যবহারই খাদিজা (রা)-কে আকৃষ্ট করেছে।

প্রশ্ন: মুহাম্মদ (সা)-কে তিনি কখন বিয়ে করেন ?

উত্তর : যখন তাঁর বয়স চল্লিশ তখন তিনি মুহাম্মাদ (সা)-কে বিয়ে করেন।

প্রশ্ন: তখন মুহাম্মাদ (সা)-এর বয়স কত ছিলো ?

উত্তর : ২৫ বছর

প্রশ্ন: তাঁদের বিয়ের মোহরানা কত ছিলো ?

উত্তর : ২০টি উট।

প্রশ্ন: খাদিজা (রা) -এর বৈবাহিক অবস্থা কি ছিলো ?

উত্তর : তিনি ছিলেন বিধবা নারী। মুহাম্মাদ (সা) ছিলেন তাঁর তৃতীয় স্বামী।

প্রশ্ন: খাদিজা (রা) ও মুহাম্মাদ (সা) এর মধ্যকার বৈবাহিক সম্পর্ক কেমন ছিলো ?

উত্তর : অন্তরঙ্গ সম্পর্ক ২৫ বছরের দার্প্তন্য জীবনে ছিলো

প্রশ্ন: বিয়ের পর মুহাম্মাদ (সা)-কি ব্যবসায়িক সফরে গিয়েছেন ?

উত্তর : না, বিয়ের পর তিনি কোন ব্যবসায়িক সফরে যান নি।

প্রশ্ন: খাদিজা (রা) জীবিত থাকাকালীন মুহাম্মাদ (সা) আর কাউকে বিয়ে করেছিলেন ?

উত্তর : না।

প্রশ্ন: সমাজে মুহাম্মাদ (সা) কে তখন মানুষ কি বলে জানত ?

উত্তর : আল-আমীন (বিশ্বস্ত)।

প্রশ্ন : তিনি কি কোন ধরণের শিক্ষা পেয়েছেন ? বা তিনি কি পড়াশুনা করেছেন ?

উত্তর না: তিনি কোন প্রাতিষ্ঠানিক কোন শিক্ষা পাননি। তিনি ছিলেন নিরক্ষর।

প্রশ্ন: কিশোর বয়সে তিনি (সা) যে যুদ্ধে অংশগ্রহণ করেছিলেন সেটির নাম কি ?

উত্তর : রাসূল (সা)-এর বয়স যখন মাত্র ১৫ বছর তখন তিনি 'ফিজর' নামক যুদ্ধে অংশ গ্রহণ করেন। যা সংগঠিত হয়েছিলো কুরাইশ ও বানু কিননাহ এবং কুরাইশ আইলানের মাঝে।

প্রশ্ন: খাদিজা গর্ভে মুহাম্মদ (সা) এর কতজন ছেলেমেয়ে জন্মলাভ করেছিলো ?

উত্তর:

প্রশ্ন: খাদিজার গর্ভে মুহাম্মদ (সা)-এর দু'জন ছেলে ও চারজন মেয়ে জন্মলাভ করেন।

নিম্নে তাদের নাম উল্লেখ করা হলো:

- 1 . কাসিম তিনি শৈশবে ইত্তিকাল করেন।
- 2 . আবদুল্লাহ, যাকে তাইয়েব ও তাহির বলা হতো, তিনিও শৈশবে ইত্তিকাল করেন।
- 3 . যাইনাব, আবুল আসের সঙ্গে বিয়ে হয়েছিলো।
- 4 . রুক্মাইয়া, প্রথমে আবু লাহাবের ছেলে উত্তোলন সঙ্গে বিয়ে হয়, পরবর্তীতে উসমান বিন আফফান (রা)-এর সঙ্গে বিয়ে হয়।
- 5 . উম্মে কুলসুম, প্রথমে আবু লাহাবের ছেলে উত্তোলন সঙ্গে বিয়ে হয়, পরবর্তীতে রুক্মাইয়ার ইত্তিকালের পর উসমান বিন আফফান এর সঙ্গে বিয়ে হয়।
- 6 . ফাতিমা আয়-যাহারা আলী বিন আবু তালিবের সঙ্গে বিয়ে হয়।

প্রশ্ন: রাসূল (সা) এর চাচাদের নাম কি ছিলো ?

উত্তর : তারা হলেন : হারিস, যুবাইর, আবু তালিব, হামযাহ (রা), আবু লাহাব, খিযাক, যাকওয়ান, সাফার ও আর্বাস (রা)

প্রশ্ন: নবুওয়াতের পূর্বে রাসূল (সা) “হিলফুল ফুয়ুল” নামাক যে সংগঠনে যোগদান করেন সেটির লক্ষ্য উদ্দেশ্য কী ছিল ?

উত্তর : হিলফুল ফুয়ুলের লক্ষ্য উদ্দেশ্য ছিলো অসহায়দের অধিকার সংরক্ষণ করা এবং অবিচার ও সহিংসতা দমন করা।

প্রশ্ন: রাসূল (সা) এর মা আমিনার ইত্তিকালের পর তিনি যাদের ‘মা’ বলে ডাকতেন তারা কারা?

উত্তর: তারা হলেন : ১. হালিমা আস-সাদিয়া, তাঁর দুধ মা। ২. উম্মে আইমান, যিনি ছিলেন তার বাবার দাসী আর তিনিই রাসূলের বেশী দেখাশুনা করতেন। ৩. ফাতিমা বিনতে আসাদ, যিনি ছিলেন তা চাচী। আবু তালিবের স্ত্রী।

প্রশ্ন: কুরআনে ‘মুহাম্মদ’ শব্দটি কতবার এসেছে ?

উত্তর : সর্বমোট চারবার।

প্রশ্ন: ইঞ্জিলে (বাইবেলে) রাসূল (সা)-কে কি নামে উল্লেখ করা হয়েছে ?

উত্তর: ‘ফারকালীত’ ‘পারাক্রীত’ নামে। এর অর্থ সহায়, প্রযগম্বর, দিশারী আত্মা, নবী, রাসূল।

প্রশ্ন: রাসূল (সা)-এর মামা কারা ছিলেন ?

উত্তর : তারা হলেন : বনী যুহরা ও বনী আদি বিন নাজ্জার।

প্রশ্ন : নবুওয়্যাতের পূর্বে তিনি (আ) কার পথ অনুসরণ করতেন ?

উত্তর : নবী ইবরাহীম (সা)-এর।

প্রশ্ন: তাঁর চাচা আবু তালিব কি ইসলাম গ্রহণ করেছিলেন ?

উত্তর : না, তিনি ইসলাম করুল করেন নি। তিনি একজন মুশরিক হিসেবে মৃত্যুবরণ করেন।

প্রশ্ন : নবী (সা)-এর ডাক নাম কি ছিলো ?

উত্তর : আবুল কাসিম।

প্রশ্ন: যখন কারো সামনে ‘মুহাম্মাদ (সা)’ এর উল্লেখ করা হয় তখন কি বলা উচিত?

উত্তর: তখন ‘সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম’ বলা উচিত।